

**প্রাথমিক শিক্ষকদের
 বদলির স্থগিতাদেশ
 প্রত্যাহার**

যুগান্তর রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলির স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়েছে। আজ থেকে ৩০ তুন পর্যন্ত তারা পছন্দের প্রতিষ্ঠানে বদলির আবেদন করতে পারবেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার এ সিদ্ধান্ত নিয়েছে। সাধারণত বছরের প্রথম তিন মাসের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি কার্যক্রম চলে। কিন্তু এ বছর জাতীয় নির্বাচনদুই উপজেলা নির্বাচন থাকায় সরকার শিক্ষকদের হাভাভিক বদলি প্রক্রিয়া বন্ধ রাখে। মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, নীতিমালা অনুযায়ী এই বদলি কার্যক্রম পরিচালিত হবে। এ নিয়ে যে নতুন নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছিল, তা আপাতত জারি করা হবে না। ফলে আগের নীতিমালাই এই বদলির ক্ষেত্রে প্রযোজ্য হবে। বদলির স্থগিতাদেশ প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মুখ্য সচিব সন্তোষ কুমার অধিকারী জানান, প্রভাবিত বদলি নীতিমালা আরও পর্যালোচনা ও সমন্বয়পূর্ণভাবে ফেরত পাঠানো হয়েছে। তা আরও পর্যালোচনা করতে হবে। তাই বিনামান নীতিমালা অনুযায়ী এবারকার বদলি কার্যক্রম পরিচালিত হবে। বদলির স্থগিতাদেশ প্রত্যাহার-সংক্রান্ত আদেশে বলা হয়েছে, আগামী ৩০ তুন পর্যন্ত এ স্থগিতাদেশ বহুত থাকবে।